প্রেস রিলিজ

তারিখ: ২৫ নভেম্বর ২০২৬

বাউবির ৬ষ্ঠ সমাবর্তন ২০২৭ উপলক্ষে সাংগঠনিক কমিটির ২য় সভা অনুষ্ঠিত

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি)-এর ৬ষ্ঠ সমাবর্তন ২০২৭ সুষ্ঠুভাবে উদযাপনের লক্ষ্যে গঠিত সাংগঠনিক কমিটির ২য় সভা আজ ২৫ নভেম্বর ২০২৬ তারিখ বুধবার সকাল ১১টায় বিশ্ববিদ্যালয়ের গাজীপুরস্থ উপাচার্য দপ্তরের কনফারেন্স কক্ষে অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান। সভায় প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. আনিসুর রহমান, প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো. সিরাজুল ইসলাম (ভার্চুয়ালি সংযুক্ত), ট্রেজারার অধ্যাপক ড. শেখ রফিকুল ইসলাম, কমিটির সদস্য-সচিব ও ভারপ্রাপ্ত রেজিস্ট্রার টি এম আহমেদ হুসেইনসহ বিভিন্ন স্কুলের ডিন এবং বিভাগ/দপ্তরের পরিচালকবৃন্দ উপস্থিত ছিলেন। এছাড়াও সভায় বিশ্ববিদ্যালয়ের সকল আঞ্চলিক কেন্দ্রের পরিচালকগণ ভার্চুয়ালি যুক্ত ছিলেন।

সভায় সমাবর্তন সুষ্ঠু ও সফলভাবে আয়োজনের লক্ষ্যে সার্বিক প্রস্তুতি ও সাংগঠনিক কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং বিভিন্ন সিদ্ধান্ত গৃহীত হয়।

মোঃ খালেকুজ্জামান খান
পরিচালক (ভারপ্রাপ্ত)

Main Campus: Gazipur-1705, Bangladesh, Phone: +88 02 996691119, IP: +88 09666730730, Ex. 777
e-mail: iprd@bou.ac.bd, Website: www.bou.ac.bd